



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২১ ফেব্রুয়ারি, ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ যথাযথ মর্যাদায় আজ ২১ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহিদ দিবস পালিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, শিশু-কিশোরদের সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।

ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ ও কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম সকাল ৭.৩০ মিনিটে যথাক্রমে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করেন। সকাল ৭.৪০ মিনিটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন এবং সকাল ৮টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

সকাল সাড়ে ৮টায় মিনি অডিটোরিয়ামে অনুষ্ঠিত আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, বাংলা একটি উন্নত ভাষা। ব্যবহারের দিক থেকে বাংলাভাষা ইংরেজির পরেই ৪র্থ অবস্থানে রয়েছে। কিন্তু এ ভাষা ইন্টারনেটে ব্যবহারের ক্ষেত্রে তেমন উন্নত হয়নি। তাই শাহজালাল বিশ্ববিদ্যালয় ইন্টারনেটে বাংলার ব্যবহার সহজ করতে কাজ করে যাচ্ছে। যাতে বাংলায় শুধুমাত্র কথা বলেই ইন্টারনেটে কাজ করা যায় সেরকম সফটওয়্যার তৈরির জন্য কাজ চলছে।

ভাইস চ্যান্সেলর বলেন, বাংলা একটি উন্নত ভাষা। তাই শুধু বাংলা ব্যবহারে আমাদের সচেতন ও সচেষ্টি হতে হবে। বিশেষ করে স্কুলে যাতে আমাদের শিশুরা সঠিক বাংলা শিখতে পারে সে ব্যাপারে সচেতন থাকতে হবে।

তিনি আরও বলেন, পাকিস্তানি শাসকগোষ্ঠী বাংলাভাষার উপর আঘাত করে বাঙালী জাতিকে অবদমিত করতে চেয়েছিল। কিন্তু তারা পারেনি। বর্তমানে বাংলাদেশ সবক্ষেত্রে এবং সব সূচকে তাদের থেকে এগিয়ে আছে। শিক্ষা, জিডিপি, শিশু মৃত্যু হার, গড় আয়ু এবং অর্থের মূল্যমানসহ সবক্ষেত্রে তারা আমাদের থেকে পিছিয়ে আছে।

বিশেষ অতিথির বক্তব্যে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম বলেন, উচ্চশিক্ষায় বাংলা ব্যবহারের প্রতি আমাদের উদ্যোগী হতে হবে। বিশ্বের যেসব দেশ তাদের মাতৃভাষায় গবেষণা করে থাকে তারা সবক্ষেত্রেই এগিয়ে আছে। জাপান, জার্মান এবং ফ্রান্স নিজেদের ভাষাতে গবেষণায় গুরুত্ব দেয় এবং তারা বেশ উন্নত।

আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম এবং শিক্ষক সমিতির বর্তমান সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার।

এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সিডিকেট সদস্য প্রফেসর ড. মো. জহির বিন আলম, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দীন, প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস, ১ম ছাত্রীহলের প্রভোস্ট প্রফেসর ড. জায়েদা শারমীন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেলের পরিচালক প্রফেসর ড. মো. আব্দুল গণি, শাহ পরাণ হলের প্রভোস্ট প্রফেসর ড. মো. মিজানুর রহমান, পলিটিক্যাল স্টাডিজ বিভাগের প্রফেসর ড. সৈয়দ আশরাফুর রহমান, আলোচনা সভা বাস্তবায়ন উপকমিটির আহ্বায়ক সহযোগী অধ্যাপক মো. মুহিবুল আলম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুর্শেদ আহমেদ এবং কর্মচারী ইউনিয়নের সভাপতি মো. সাদেক আহমেদ।

আলোচনা সভা সঞ্চালনা করেন আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদযাপন কমিটির সদস্য সচিব রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন। বিকালে বিশ্ববিদ্যালয়ের মুক্তক্ষেত্র সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার